



খ্রিস্টানের নামাপাড়া বটতলায় প্রতিষ্ঠিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন

কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের যাত্রা শুরু আজ

ময়মনসিংহে যাত্রা

তৃতীয় ব্যাচের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে প্রথম সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয় কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের তৃতীয়বর্ষের যাত্রা শুরু হল আজ। বিশ্ববিদ্যালয়ের ৬টি বিভাগে এই ব্যাচে ২৮৫টি আসনের জন্য মোট ১০ হাজার ১০৭ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে। ময়মনসিংহের খ্রিস্টানে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বাসায় ভিত্তিক নামাপাড়া গ্রামের বটতলায় কৃষ্ণতর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরাম ১৯৯৬ সালে 'কবি নজরুল বিশ্ববিদ্যালয়' স্থাপনের প্রথম উদ্যোগ গ্রহণ করে। ২০০১ সালে তৎকালীন রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমেদ স্থান পরিদর্শন করার পর শিক্ষা মহাশালয় বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প গ্রহণ করে এবং ২০০৪ সালে একনেকের সভায় 'কবি নজরুল বিশ্ববিদ্যালয়' স্থাপন প্রকল্প অনুমোদিত হয়। প্রকল্পের প্রথম পর্যায়ে মোট ব্যয় ধরা হয় ১৪ কোটি ৯০ লাখ টাকা। পরে তা বাড়িয়ে করা হয় ১৬ কোটি ৩৬ লাখ। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যে গ্রামবাসী ২০ এলার জমিও দান করে। ২০০৫ সালে

তৎকালীন প্রধানমন্ত্রী এর জিটিপ্রস্তর স্থাপন করার পর শিক্ষা প্রদৌপদ অধিদপ্তর ২০০৫-০৬ অর্থবছরে প্রায় সাড়ে ৬ কোটি টাকা ব্যয়ে প্রাথমিক ভবন এবং কলা ও বিজ্ঞান ভবন নামে দুটি একাডেমিক ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়। জানা যায়, ২০০৭ সালের ৩ জুন ৪টি বিভাগের প্রথম ব্যাচে ১৮৫ জন শিক্ষার্থী নিয়ে শুরু হয় শিক্ষা কার্যক্রম। এ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৪৭৫ জন শিক্ষার্থী রয়েছে। নতুন শিক্ষাবর্ষে (২০০৮-২০০৯) আরও ৩২৫ জন শিক্ষার্থী ভর্তি হলে মোট শিক্ষার্থীর সংখ্যা বাড়াবে আটপাতে। পর্যায়ে গত দুই শিক্ষাবর্ষে বিভাগ বাড়িয়ে এখন মোট ৬টি বিভাগ করা হয়েছে। বিভাগ ৬টি হচ্ছে— বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ, সঙ্গীত বিভাগ, কম্পিউটার এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, অর্থনীতি বিভাগ এবং হিসাববিজ্ঞান ও তথ্যগুরুতি বিভাগ। ক্যাম্পাসে শিক্ষার্থীদের জন্য দুটি আবাসিক হল রয়েছে। ছাত্র হলে ১১৪ জন ও ছাত্রী হলে ৮৭ জনের আবাসন ব্যবস্থা রয়েছে। ২৪ জন শিক্ষকসহ মোট জনবল ৯২ জন।